ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.৪৫৯.১১.০০২.২৪- ৪১২

তারিখ : ০৯/১২/২০২৫ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের উদ্যোগে এবং ইউএনএফপিএ এর অর্থায়নে প্রাতিষ্ঠানিক প্রসব সেবা জোরদার করার লক্ষ্যে গাইবান্ধা জেলাধীন গোবিন্দগঞ্জ উপজেলার সাপমারা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ০২ (দুই) জন মিডওয়াইফ নিয়োগের নিমিত্ত প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী (মহিলা) নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম ও সাকুল্য বেতন | পদের সংখ্যা ও চাকুরীর মেয়াদকাল | বয়সসীমা | শিক্ষাগতযোগ্যা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থিগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| মিডওয়াইফ বেতন: মাসিক সর্বসাকুল্যে- ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা। | ০২ (দুই) জন। ০১/০১/২০২৬ হতে ৩১/১২/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত, তবে ফান্ড প্রাপ্তি সাপেক্ষে মেয়াদ বৃদ্ধি হতে পারে। | ০৯/১২/২০২৫ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। | ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী পরীক্ষায় উত্তীর্ণ এবং বিএনএমসি (BNMC) কর্তৃক স্বীকৃত সার্টিফিকেটধারী হতে হবে। প্রজনন স্বাস্থ্য, কিশোর-কিশোরীর স্বাস্থ্য, মা ও শিশুস্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সেবায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | গাইবান্ধা জেলাধীন গোবিন্দগঞ্জ উপজেলার সাপমারা ইউনিয়নের শাওতাল সম্প্রদায় (কমিউনিটি) এর বাংলাদেশী স্থায়ী বাসিন্দাগণ (মহিলা)। |

শর্তাবলীঃ

১. প্রার্থীদের অবশ্যই আগামী ১৭/১২/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস), এমসিএইচ-সার্ভিসেস ইউনিট (১১ তলা), ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবে (সরাসরি/কুরিয়ার সার্ভিস)। অসম্পূর্ন ও ত্রুটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গন্য হবে।

২. আবেদনপত্রে স্পষ্টাক্ষরে বাংলায় প্রার্থীর নিজ নাম:, পিতার নাম:, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা, ডাকঘর, পোষ্ট কোড নং, উপজেলা, জেলা। শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, জন্ম তারিখ, ধর্ম, অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা (সন্তান সংখ্যা প্রযোজ্য ক্ষেত্রে), ই-মেইল ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয়পত্রের নম্বর আবেদনপত্রে স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

৩. আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
(ক) ডিপ্লোমা ইন মিডওয়াইফারী উত্তীর্ণ সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি। (খ) বিএনএমসি কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি। (গ) আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি। (ঘ) নাগরিকত্ব সনদপত্র (যে ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সেই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত) এর সত্যায়িত কপি (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

৪. প্রবেশপত্র প্রার্থীর ঠিকানায়/ইমেইল প্রেরণ করা হবে।প্রবেশপত্রের প্রিন্টকপি ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।

৫. পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার যাতায়াত/আপ্যায়ন ভাতা প্রদান করা হবে না।

৬. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

৭. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

৮. বিস্তারিত জানার জন্য পরিবার পরিকল্পনা ওয়েব সাইট www.dgfp.gov.bd ভিজিট করা যেতে পারে।

৯. সহকারী মেইন্টেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা (DGFP এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

০৯/১২/২৫

(ডাঃ নাছির আহমদ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও
সভাপতি
মিডওয়াইফ নিয়োগ কমিটি
ফোনঃ ০২-৫৫০১২৩৫৮ (অফিস)
ই-মেইলঃ dirmchsfp@gmail.com

CS CamScanner